

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৩৪২

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - ভয় ও কাল্লা

الفصل الاول (باب الْبكاء وَالْخُوْف)

আরবী

وَعَن زِينبَ بِنتِ جحشٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ دخل يَوْمًا فَزِعًا يَقُولُ: «لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَيلُ للعربِ مِنْ شَرِّ قَدِ اقْتَرَبَ فُتِحَ الْيَوْمَ مِنْ رَدْمِ يَأْجُوجَ وَمَأْجُوجَ مِثْلُ هَذِهِ» وَحَلَّقَ بِأُصْبَعَيْهِ: الْإِبْهَامَ وَالَّتِي تَلِيهَا. قَالَتْ زَيْنَبُ: فَقُلْتُ: يَا رَسُولَ اللَّهِ أَفَنُهْلَكُ وَفِينَا الصَّالِحُونَ؟ قَالَ: «نَعَمْ إِذَا كَثُرَ الخَبَثُ» . مُتَّفق عَلَيْهِ

متفق عليم ، رواه البخارى (3346) و مسلم (2 / 1880)، (7237) ـ (مُتَّفق عَلَيْهِ)

বাংলা

৫৩৪২-[৪] যায়নাব বিনতু জাহশ (রাঃ) হতে বর্ণিত। একদিন রাসূলুল্লাহ (সা.) এ ভীত-সন্ত্রস্ত অবস্থায় তাঁর নিকট এসে বললেন, আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বুদ নেই। আরবের জন্য মহাবিপদ সেই দুর্যোগের কারণে, যা অতি কাছাকাছি। ইয়াজুজ মাজুজ-এর প্রাচীর আজ এই পরিমাণ খুলে গিয়েছে। এটা বলে তিনি স্বীয় বৃদ্ধাঙ্গুলি ও তার নিকটবর্তী (তর্জনি) অঙ্গুলি গোল করে (ছিদ্রের পরিমাণটি) দেখালেন। তখন যায়নাব (রাঃ) প্রশ্ন করলেন, হে আল্লাহর রসূল! আমাদের মধ্যে ভালো লোক থাকাবস্থায়ও কি আমরা ধ্বংস হয়ে যাব? তিনি (সা.) বললেন, হ্যা, যখন পাপাচার বেড়ে যাবে। (বুখারী ও মুসলিম)

ফুটনোট

সহীহ: বুখারী ৩৩৪৬, মুসলিম ১-(২৮৮০), তিরমিয়ী ২১৮৭, ইবনু মাজাহ ৩৯৫৩, সহীহুল জামি' ৭১৭৬, সহীহ আত্ তারগীব ওয়াত তারহীব ২৩১১, সিলসিলাতুস সহীহাহ্ ৯৮৭, মুসান্নাফ আবদুর রায্যাক ২০৭৪৯, মুসনাদে 'আবদ ইবনু হুমায়দ ৩০৮, মুসনাদে আহমাদ ২৭৪৫৪, আবূ ইয়ালা ৭১৫৫, সহীহ ইবনু হিব্বান ৩২৭, শুআবূল



ঈমান ৭৫৯৮, আস্ সুনানুল কুবরা লিন্ নাসায়ী ১১৩১১, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ১৯৪৩৫, আল মুজামুল আওসাত্ব ৭৩১৯, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ২০৬৯২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَيِلٌ للعربِ مِنْ شَرِّ قَدِ اقْتَرَبَ) আরবদের জন্য দুর্ভোগ। দুঃখ-কষ্টে পতিত হওয়াকে (وَيِلٌ للعربِ مِنْ شَرِّ قَدِ اقْتَرَبَ) বলা হয়। আরবদেরকে নির্দিষ্ট করে বলার কারণ হলো: সে সময় অধিকাংশ 'আরবরাই ইসলাম গ্রহণ করেছিল। ইয়াজুজ মাজুজ বাহিনীর অনিষ্টের কারণে, যারা 'আরবদের সাথে যুদ্ধ করবে। রাসূলুল্লাহ (সা.) তার বৃদ্ধাঙ্গুলি ও তার সংলগ্ধ আঙ্গুলকে একত্রিত করে বৃত্ত তৈরি করে দেখিয়ে বললেন, ইয়াজুজ মাজুজ তাদের প্রাচীরের এই পরিমাণ খুলে ফেলেছে। আর প্রাচীর খুলে বাহিরে বের হওয়া কিয়ামতের আলামত। তারা দাজ্জাল বের হওয়ার পরেই এখান থেকে বেরিয়ে পড়বে। মূলত ইয়াজুজ ও মাজুজ আদম 'আলায়হিস সালাম-এর বংশধরের দুটি কাফির সম্প্রদায়।

(المَالِحُونَ؟) যায়নাব (রাঃ) বললেন, আমরা কি ধ্বংসপ্রাপ্ত হব অথচ আমাদের মাঝে অনেক নেক বান্দা থাকবে, বলা হয়েছে সং বান্দার ওপর নির্ভর করার ভিত্তিতে। রসূল ও উত্তর দিলেন: হ্যাঁ, ভালো রয়েছে। লোকেরাও ধ্বংস হবে যখন অশ্লীলতা বেড়ে যাবে। অশ্লীলতা বলতে পাপাচার, শিরক, কুফরী ইত্যাদি বুঝানো হয়েছে। আবার কেউ বলেন, এর দ্বারা উদ্দেশ্য হলো যিনা-ব্যভিচার বৃদ্ধি পাওয়া। (মিরকাতুল মাফাতীহ, তুহফাতুল আহওয়াযী ৬/২১৮৭)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ যায়নাব বিনতে জাহাশ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন